

## চলতি বোরো ধানে ব্লাস্ট রোগ দমনে জরুরী করণীয়

চলতি বোরো মৌসুমে ধানের ব্লাস্ট রোগের আক্রমণ দেশের বিভিন্ন এলাকা থেকে খবর আসছে। ইতোমধ্যেই বৃহত্তর ঢাকা, কুমিল্লা, খুলনা, ময়মনসিংহের কিছু কিছু ধান ক্ষেতে ব্লাস্ট রোগের কারণে শীষ সাদা হয়ে যাচ্ছে। আগামী ২ বা ৩ দিনের মধ্যে দেশে বৃষ্টি ও ঝড়ো হওয়া হতে পারে বলে আবহাওয়া অধিদপ্তর পূর্বাভাস দিয়েছেন। এমতাবস্থায়, যে সমস্ত কৃষক ভাইয়েরা ব্রিধান-২৯, বাংলামতি, ব্রিধান-৪৭ এবং হাইব্রিড জাতের ধান আবাদ করেছেন এবং ধান খোড় থেকে শীষ বের হওয়া পর্যায়ে আছে। তাদের ট্রুপার বা নেটিভো বা ট্রাইসাইক্লোজল গ্রুপের ছত্রাকনাশক প্রিভেনটিভ স্প্রে করার জন্য জরুরী ভিত্তিতে পরামর্শ দেয়া হলো।

বিভাগীয় প্রধান

উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ

ব্রি, গাজীপুর।